# জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ খ্রি. এর উপজেলা বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ রাজিবুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ভেদরগঞ্জ, শরীয়তপুর

স্থান : উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভা কক্ষ
তারি : ২৮-০৮-২০২৪ খ্রি.
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর : (উপস্থিতির হাজিরা সংযুক্ত)।

জনাব মোঃ রাজিবুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর ও সভাপতি উপজেলা বাছাই কমিটি, জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ মহোদয়ের সভাপতিত্বে সভার আরম্ভ করা হয়। সভাপতি মহোদয় ভেদরগঞ্জ উপজেলা বাছাই কমিটির সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

অতঃপর সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা সমবায় কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর ও সদস্য সচিব, জাতীয় সমবায় পুরষ্কার বাছাই কমিটি ২০২৩, ভেদরগঞ্জ উপজেলার শ্রেষ্ঠ সমবায় সমিতি নির্বাচনের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর অধীনস্ত সমবায় অধিদপ্তর ঢাকা হতে প্রাপ্ত বিভিন্ন চিঠি পত্র এবং জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ সভায় পাঠ করে শোনান। জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ ও সংশ্লিষ্ট চিঠিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ১০ (দশ) টি ক্যাটাগরির প্রতিটি শ্রেণি হতে একটি করে শ্রেষ্ঠ সমবায় সমিতি বা একজন করে শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়ন করার নির্দেশনা রয়েছে। জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ অনুযায়ী পুরস্কার গ্রহণে আগ্রহী সমবায়ী বা সমবায় প্রতিষ্ঠান হতে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্যসহ আবেদন করার উল্লেখ রয়েছে। আবেদন ফরমের নমুনাকপি, সমিতির ক্যাটাগরি বা শ্রেণি বিন্যাস ও জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ আলোচ্য কার্যালয়ের তথ্য বাতায়নে আপলোড করার পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমেও এ বিষয়ে অবহিত করা হয়েছে। এছাড়া পত্র যোগাযোগসহ সচল সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সাথে নিবিঢ় যোগাযোগ করা হয়েছে। শুধুমাত্র ০২ টি শ্রেণির সমবায় সমিতির নিকট হতে নির্ধারিত সময়ে নির্ধারিত ফরমে আবেদন পাওয়া গেছে।

উপজেলা সমবায় কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর ও সদস্য সচিব আরো জানান যে, ভেদরগঞ্জ উপজেলা হতে ১০ টি ক্যাটাগরিতে শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর মনোনয়ন দেয়ার মত যোগ্য সমবায় সমিতি ও সমবায়ী নেই। এ উপজেলা হতে প্রাপ্ত আবেদন অনুযায়ী নিম্নোক্ত তালিকায় বর্ণিত সমবায় সমিতির সমূহকে মধ্য হতে জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর জন্য নির্বাচিত করা যেতে পারে ।

জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর জন্য উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক সুপারিশকৃত শ্রেষ্ঠ সমবায় সমিতির তালিকা

ক্যাটাগরি ঃ সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায় সমিতি — শ্রেণি ঃ ০২

| ক্র. নং | সমবায় সমিতির নাম | নিবন্ধন নম্বর ও তারিখ | | ক্যাটাগরি |
|---|---|---|---|---|
| | | নিবন্ধন নং | তারিখ | |
| ০১ | সততাই শক্তি সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | শরী ৪২২ | ২৩-০৪-২০১২ খ্রি. | সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি |

ক্যাটাগরি ঃ বিশেষ ও অন্যান্য শ্রেণি — শ্রেণি ঃ ১০

| ক্র. নং | সমবায় সমিতির নাম | নিবন্ধন নম্বর ও তারিখ (মূল) | | ক্যাটাগরি |
|---|---|---|---|---|
| | | নিবন্ধন নং | তারিখ | |
| ০১ | জনতা বহুমুখী সমবায় সমিতি লিঃ | শরী ০৭ | ২২-০১-২০০৩ খ্রি. | বহুমুখী সমবায় সমিতি |

## জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর মনোয়নের জন্য ক্যাটাগরি অনুযায়ী উপজেলা বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত শ্রেষ্ঠ সমবায় সমিতির তালিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ জাতীয় সমবায় পুরষ্কার নীতিমাল ২০২৪, সমিতির বর্তমান ও বিগত কার্যক্রম ইত্যাদি বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর কর্তৃক সুপারিশকৃত শ্রেষ্ঠ সমবায় সমিতি সমূহকে এ উপজেলা হতে নির্বাচিত করে জেলা বাছাই কমিটির নিকট প্রেরণ করা যেতে পারে।

জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর জন্য উপজেলা সমবায় বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত শ্রেষ্ঠ সমবায় সমিতির তালিকা

ক্যাটাগরি ঃ সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায় সমিতি — শ্রেণি ঃ ০২

| ক্র. নং | সমবায় সমিতির নাম | নিবন্ধন নম্বর ও তারিখ | | ক্যাটাগরি | প্রদত্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | নিবন্ধন নং | তারিখ | | | |
| ০১ | সততাই শক্তি সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | শরী ৪২২ | ২৩-০৪-২০১২ খ্রি. | সঞ্চয় ও ঋণদান | ৭৪ | নির্বাচিত |

ক্যাটাগরি ঃ বিশেষ ও অন্যান্য শ্রেণি — শ্রেণি ঃ ১০

| ক্র. নং | সমবায় সমিতির নাম | নিবন্ধন নম্বর ও তারিখ | | ক্যাটাগরি | প্রদত্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | নিবন্ধন নং | তারিখ | | | |
| ০১ | জনতা বহুমুখী সমবায় সমিতি লিঃ | শরী ০৭ | ২২-০১-২০০৩ খ্রি. | বহুমুখী সমবায় সমিতি | ৭৯ | নির্বাচিত |

জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর জন্য উপজেলা বাছাই কমিটি, ভেদরগঞ্জ, শরীয়তপুর কর্তৃক মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর সকল কাগজ সমবায় অধিদপ্তরের নির্দেশনা ও প্রেরিত ছক মোতাবেক প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর দাখিল করার জন্য সদস্য সচিব, উপজেলা বাছাই কমিটি, জাতীয় সমবায় পুরষ্কার ২০২৩, ভেদরগঞ্জ, শরীয়তপুরকে অনুরোধ করা হয়।

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28.08.2024

(মোঃ রাজিবুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ভেদরগঞ্জ, শরীয়তপুর
ও
সভাপতি
জাতীয় সমবায় পুরষ্কার ২০২৩
উপজেলা বাছাই কমিটি
ভেদরগঞ্জ, শরীয়তপুর।

স্মারক নম্বর : ৪৭.৬১.৮৬১৪.০০০.২৩.০০১.২০২২. ২১৭ — তারিখ : ২৮-০৮-২০২৪ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

০১। জেলা সমবায় কর্মকর্তা, শরীয়তপুর।
০২। অফিস নথি।

২৮/০৮/২০২৪

(মোহাম্মদ মোফাজ্জল হোসেন)
উপজেলা সমবায় কর্মকর্তা
ভেদরগঞ্জ, শরীয়তপুর
ও
সদস্য সচিব
জাতীয় সমবায় পুরস্কার ২০২৩
উপজেলা বাছাই কমিটি
ভেদরগঞ্জ, শরীয়তপুর।